গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

## কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আঃ মান্নান, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ০৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ, বেলা : ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য- সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো উফশী ও বোরো হাইব্রিড ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ বাবদ কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে প্রণোদনা কর্মসূচির ০২টি বরাদ্দ পাওয়া গিয়েছে । কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৪৪, তারিখ : ১২ অক্টোবর ২০২৫ খ্রিঃ মূলে কক্সবাজার জেলায় বোরো উফশী চাষাবাদ বাবদ ৩০,৩০,০০০/- (ত্রিশ লক্ষ ত্রিশ হাজার) টাকা (পতাকা-১) এবং কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৬৬, তারিখ : ৩০ অক্টোবর ২০২৫ খ্রিঃ মূলে বোরো হাইব্রিড চাষাবাদ বাবদ ২২,৩৫,০০০/-(বাইশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার (পতাকা-গোলাপী-২) অর্থ বরাদ্দ পাওয়া যায়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত নং-১ : কক্সবাজার জেলায় রবি মৌসুমে বোরো উফশী ও বোরো হাইব্রিড চাষাবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি (কপি সংযুক্ত) পালন সাপেক্ষে উক্ত কর্মসূচি সমূহ বাস্তবায়নের জন্য উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক বোরো উফশী ও বোরো হাইব্রিড ধান উপজেলাসমূহে প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা/বিঘা | | বোরো উফশী (উপকরণ) পরিমাণ কেজিতে | | | বোরো হাইব্রিড (উপকরণ) পরিমাণ কেজিতে |
|---|---|---|---|---|---|---|---|
| | | বোরো উফশী | বোরো হাইব্রিড | বীজ ধান | ডিএপি | এমওপি | বীজ ধান |
| ১ | চকরিয়া | ৯০০ | ৫০০ | ৪৫০০ | ৯০০০ | ৯০০০ | ১০০০ |
| ২ | পেকুয়া | ৪০০ | ৩০০ | ২০০০ | ৪০০০ | ৪০০০ | ৬০০ |
| ৩ | রামু | ৫০০ | ৪০০ | ২৫০০ | ৫০০০ | ৫০০০ | ৮০০ |
| ৪ | সদর | ৪০০ | ৩০০ | ২০০০ | ৪০০০ | ৪০০০ | ৬০০ |
| ৫ | উখিয়া | ৪০০ | ৩০০ | ২০০০ | ৪০০০ | ৪০০০ | ৬০০ |
| ৬ | টেকনাফ | ৪০০ | ৩০০ | ২০০০ | ৪০০০ | ৪০০০ | ৬০০ |
| ৭ | মহেশখালী | ৪০০ | ৩০০ | ২০০০ | ৪০০০ | ৪০০০ | ৬০০ |
| ৮ | কুতুবদিয়া | ৩০০ | ৩০০ | ১৫০০ | ৩০০০ | ৩০০০ | ৬০০ |
| ৯ | ঈদগাঁও | ৩০০ | ৩০০ | ১৫০০ | ৩০০০ | ৩০০০ | ৬০০ |
| | মোট | ৪০০০ | ৩০০০ | ২০০০০ | ৪০০০০ | ৪০০০০ | ৬০০০ |

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল : বোরো উফশী

| ক্র নং | উপকরণ/খাত | বোরো উফশী (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | উপকরণ প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ০৫ | ৩২৫ |
| ২ | ডিএপি সার | ১০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১৮০ |
| | মোট | ২৫ | ৬৯৫ |

ফসল : বোরো উফশী

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ৯০০ | ২৯২৫০০ | ১৭১০০০ | ১৬২০০০ | ৩৩৩০০০ | ৩২০০০ | ২২৫০০ | ৫৪৫০০ | ৬৮০০০০ |
| ২ | পেকুয়া | ৪০০ | ১৩০০০০ | ৭৬০০০ | ৭২০০০ | ১৪৮০০০ | ১৫০০০ | ১০০০০ | ২৫০০০ | ৩০৩০০০ |
| ৩ | রামু | ৫০০ | ১৬২৫০০ | ৯৫০০০ | ৯০০০০ | ১৮৫০০০ | ১৭০০০ | ১২৫০০ | ২৯৫০০ | ৩৭৭০০০ |
| ৪ | সদর | ৪০০ | ১৩০০০০ | ৭৬০০০ | ৭২০০০ | ১৪৮০০০ | ১৩৫০০ | ১০০০০ | ২৩৫০০ | ৩০১৫০০ |
| ৫ | উখিয়া | ৪০০ | ১৩০০০০ | ৭৬০০০ | ৭২০০০ | ১৪৮০০০ | ১৫০০০ | ১০০০০ | ২৫০০০ | ৩০৩০০০ |
| ৬ | টেকনাফ | ৪০০ | ১৩০০০০ | ৭৬০০০ | ৭২০০০ | ১৪৮০০০ | ১৬৭৫০ | ১০০০০ | ২৬৭৫০ | ৩০৪৭৫০ |
| ৭ | মহেশখালী | ৪০০ | ১৩০০০০ | ৭৬০০০ | ৭২০০০ | ১৪৮০০০ | ১৬০০০ | ১০০০০ | ২৬০০০ | ৩০৪০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৩০০ | ৯৭৫০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১৩৫০০ | ৭৫০০ | ২১০০০ | ২২৯৫০০ |
| ৯ | ঈদগাঁও | ৩০০ | ৯৭৫০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১১২৫০ | ৭৫০০ | ১৮৭৫০ | ২২৭২৫০ |
| | মোট | ৪০০০ | ১৩০০০০০ | ৭৬০০০০ | ৭২০০০০ | ১৪৮০০০০ | ১৫০০০০ | ১০০০০০ | ২৫০০০০ | ৩০৩০০০০ |

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল : বোরো হাইব্রিড

| ক্র নং | উপকরণ/খাত | বোরো হাইব্রিড (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | উপকরণ প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ০২ | ৭৪০ |
| | মোট | ০২ | ৭৪০ |

ফসল : বোরো হাইব্রিড

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | চকরিয়া | ৫০০ | ৩৭০০০০ | ১৫০০ | ১০০০ | ২৫০০ | ৩৭২৫০০ |
| ২ | পেকুয়া | ৩০০ | ২২২০০০ | ৯০০ | ৬০০ | ১৫০০ | ২২৩৫০০ |
| ৩ | রামু | ৪০০ | ২৯৬০০০ | ১২০০ | ৮০০ | ২০০০ | ২৯৮০০০ |
| ৪ | সদর | ৩০০ | ২২২০০০ | ৯০০ | ৬০০ | ১৫০০ | ২২৩৫০০ |
| ৫ | উখিয়া | ৩০০ | ২২২০০০ | ৯০০ | ৬০০ | ১৫০০ | ২২৩৫০০ |
| ৬ | টেকনাফ | ৩০০ | ২২২০০০ | ৯০০ | ৬০০ | ১৫০০ | ২২৩৫০০ |
| ৭ | মহেশখালী | ৩০০ | ২২২০০০ | ৯০০ | ৬০০ | ১৫০০ | ২২৩৫০০ |
| ৮ | কুতুবদিয়া | ৩০০ | ২২২০০০ | ৯০০ | ৬০০ | ১৫০০ | ২২৩৫০০ |
| ৯ | ঈদগাঁও | ৩০০ | ২২২০০০ | ৯০০ | ৬০০ | ১৫০০ | ২২৩৫০০ |
| | মোট | ৩০০০ | ২২২০০০০ | ৯০০০ | ৬০০০ | ১৫০০০ | ২২৩৫০০০ |

সিদ্ধান্ত নং-২: ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ কর্মসূচিদ্বয়ের আওতায় অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-৩: রবি মৌসুমে অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক বোরো উফশী ধানের জন্য ০৫ কেজি বীজ ধান, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার এবং বোরো হাইব্রিড প্রণোদনার জন্য ০২ কেজি বোরো হাইব্রিড বীজ সহায়তা হিসেবে পাবে। উপকরণ বিতরণে সংশ্লিষ্ট ব্লকের দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কারিগরি সহায়তা প্রদান করবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য বোরো উফশী ও হাইব্রিড ধান প্রণোদনার যে কোন একটির উপকরণ সহায়তা প্রদান করা যাবে।

সিদ্ধান্ত-৪ : অনুমোদিত তালিকাভুক্ত প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করতে হবে। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি

CamScanner

অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ কৃষক নিজে উপজেলা সদর থেকে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

সিদ্ধান্ত নং-৫ : বোরো উফশী প্রণোদনার ৯০% বীজ ধান ও বোরো হাইব্রিড প্রণোদনার প্রয়োজনীয় বীজ ধান বিএডিসি হতে সংগ্রহ করতে হবে। বোরো উফশীর অবশিষ্ট ১০% বীজ ধান আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প এর তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম সাপেক্ষে বোরো উফশী বীজ সংগ্রহ করতে হবে। বোরো হাইব্রিড প্রণোদনার বিএডিসি কর্তৃক প্রয়োজনীয় পরিমাণ বীজ সরবরাহ করতে না পারলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা'র অনুমোদন নিয়ে হেক্টর প্রতি ৫ টনের (চালে) বেশী ফলনশীল এলাকা উপযোগী ও সন্তোষ জনক অঙ্কুরোদগম পরীক্ষা পূর্বক মান সম্পন্ন হাইব্রিড জাতের বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

সিদ্ধান্ত নং-৬ : জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক এ কর্মসূচিদ্বয়ের বীজ, ও সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত নং-৭ : পরিবহন খাতের অর্থ উপজেলার দূরত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্যগণ আলোচনান্তে নির্ধারণ করেন।

সিদ্ধান্ত নং-৮ : এ কর্মসূচিদ্বয়ের আওতায় বিতরণযোগ্য বীজ ও সার গুনগত মানসম্পন্ন উন্নত জাতের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্খিত মানের হতে হবে। কাঙ্খিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

সিদ্ধান্ত নং-৯ : এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারদের নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত নং-১০ : এ কর্মসূচিদ্বয় বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখার স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৪৪ তারিখঃ ১২/১০/২০২৫ খ্রিষ্টাব্দ এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৬৬ তারিখঃ ৩০/১০/২০২৫ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত জিওদ্বয়ের ৪নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করতে হবে।

সভাপতি বীজ, সার ও অন্যান্য উপকরণ বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/১১/২৫

মোঃ আঃ মান্নান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২৫. ৯৯১/১ (৮২) তারিখ : ১৬/১১/২০২৫খ্রিঃ

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৯। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।

১০-১৮। উপজেলা কৃষি অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।

১৯-২০। সিনিয়র সহকারী পরিচালক(বীবি)/ উপসহকারী পরিচালক(সার), বিএডিসি ,কক্সবাজার। ( আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনীত বাহককে কৃষি পুনর্বাসন সহায়তার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৪-৫। যুগ্ম পরিচালক, বীবি/সার, বিএডিসি, চট্টগ্রাম।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৭। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৮। জেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৯। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা ও সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
১০। উপসহকারী পরিচালক (সার), বিএডিসি ও সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
১১। জনাব এস এম গিয়াস উদ্দিন, স্থানীয় প্রতিনিধি, ও সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
১২। অফিস কপি

১৬/১১/২০২৫

ড. বিমল কুমার প্রামানিক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

CS CamScanner